

বর্তমান যোগাযোগ

গাজীপুর রাজধানী ঢাকা শহরের সন্নিকটে অবস্থিত। ঢাকার জিরো পয়েন্ট হতে এর দূরত্ব উত্তরে প্রায় ৩৫ কি.মি.। ঢাকা হতে সড়ক ও রেলপথে খুব সহজে এ জেলায় আসা যায়। সকাল ৬:০০ হতে গভীর রাত পর্যন্ত ঢাকা-গাজীপুর লোকাল বাস সার্ভিসসহ কাউন্টার ও সিটিং সার্ভিস বাস চলাচল করে। দেশের অন্যান্য স্থানের সাথেও সড়কপথে গাজীপুরের যোগাযোগ ব্যবস্থা ভালো। গাজীপুরকে উত্তর বঙ্গের প্রবেশ দ্বারও বলা হয়। গাজীপুর জেলার যোগাযোগ ব্যবস্থার মধ্যে রেলপথ ও সড়ক পথই প্রধান। জেলার অভ্যন্তরে যাতায়াতের জন্য সামান্য কিছু নৌপথও রয়েছে, তবে সে সব যোগাযোগ শুধুমাত্র বর্ষাকালেই কার্যকর থাকে।

রেলপথ:

গাজীপুরের সাথে বিভিন্ন রুটের রেল চলাচলের কার্যক্রম চালু আছে দীর্ঘদিন। দেশের যে সব স্থানে রেলপথে যাতায়াত করা যায় সে গুলো হলোঃ

- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে টঞ্জী হয়ে কমলাপুর-ঢাকা।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে ময়মনসিংহ হয়ে জামালপুর।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে ময়মনসিংহ, জামালপুর হয়ে বাহাদুরাবাদ ঘাট।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে ময়মনসিংহ হয়ে নেত্রকোনা।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে বঙ্গবন্ধু ব্রীজ হয়ে রাজশাহী।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে বঙ্গবন্ধু ব্রীজ হয়ে কুষ্টিয়া, যশোর, খুলনা।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে বঙ্গবন্ধু ব্রীজ হয়ে দিনাজপুর।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে বঙ্গবন্ধু ব্রীজ হয়ে সৈয়দপুর, নীলফামারী।
- ◇ জয়দেবপুর, গাজীপুর থেকে বঙ্গবন্ধু ব্রীজ হয়ে লালমনিরহাট।